৩ আগস্ট, ২০২৫

# জামায়াতের শৃঙ্খলা ও সততা রাজনৈতিক দলগুলোর জন্য আদর্শ: প্রধান উপদেষ্টার প্রেস সচিব



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর শৃঙ্খলা ও সততার প্রশংসা করে এক ফেসবুক স্ট্যাটাসে প্রেস সচিব শফিকুল আলম বলেছেন, এ গুণাবলি সব রাজনৈতিক দলের জন্য অনুসরণযোগ্য। তিনি জামায়াত আমির ডা. শফিকুর রহমানের নেতৃত্ব ও স্বাস্থ্য সুস্থতা নিয়েও বক্তব্য দিয়েছেন।

প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেছেন, জামায়াতে ইসলামীর মধ্যে যে শৃঙ্খলা ও সততার সংস্কৃতি গড়ে উঠেছে, তা অন্যান্য রাজনৈতিক দলের জন্য অনুসরণযোগ্য আদর্শ। শনিবার (২ আগস্ট) রাতে ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে দেয়া এক ইংরেজি স্ট্যাটাসে তিনি এই মন্তব্য করেন।

স্ট্যাটাসে তিনি জামায়াত আমির ডা. শফিকুর রহমানের ওপেন হার্ট সার্জারির পর তার সুস্থতা কামনা করে বলেন, "হার্ট সার্জারির পর থেকে আমি শফিকুর রহমান ভাইয়ের কথা ভাবছি এবং তার দ্রুত আরোগ্য কামনা করছি।"

তিনি আরও লেখেন, "একটি অনিশ্চয়তায় ভরা সময়ে তিনি যেভাবে শান্ত নেতৃত্ব দিয়েছেন এবং দলীয় সংস্কার প্রক্রিয়ায় গঠনমূলক ভূমিকা রেখেছেন, তা সত্যিই দৃষ্টান্তমূলক। তার নেতৃত্বে জামায়াতের যে শৃঙ্খলা ও সততার পরিবেশ তৈরি হয়েছে, তা অন্য রাজনৈতিক দলগুলোর জন্যও শিক্ষণীয়।"

শেষে তিনি বলেন, "আল্লাহ চাইলে তিনি দ্রুত সম্পূর্ণভাবে সুস্থ হয়ে উঠবেন—এই প্রার্থনাই করছি। শান্তি, ধৈর্য ও শক্তি তার সঙ্গেই থাকুক। ইনশাআল্লাহ